একদিন
এগিয়ে চলার সঙ্গী

Page 6 | 4 | 5 | 6 | 7 | 8 | PDF | Clip | Archive

Page 1

Page 2

Page 3

Page 4

Page 5

KOLKATA EDITION - 05 Mar 2024 - Page 6

EKDIN, KOLKATA, 5 MARCH 2024, PAGE 6

৬ একদিন আমার বাংলা কলকাতা, ৫ মার্চ ২০২৪

বেহাল রাস্তার কারণে মৃত্যু হয়েছিল মালডাঙা গ্রামের মামনি রায়ের

গ্রামবাসীদের দাবিমতো পথশ্রী প্রকল্পে হল রাস্তার শিলান্যাস

নিজস্ব প্রতিবেদন, মালদা: বামনগোলা ব্লকের গোবিন্দপুর মহেশপুর গ্রাম পঞ্চায়েত এলাকার বেহাল রাস্তার কারণে কয়েক মাস আগে খাটিয়া করে অসুস্থ রোগীকে নিয়ে যাওয়ার সময় মৃত্যু হয়েছিল তাঁর। আর এই ঘটনার পর গ্রামবাসীদের দাবিমতো পথশ্রী প্রকল্পে প্রায় চার কিলোমিটার রাস্তা তৈরির কাজের শিলান্যাস করা হল। সোমবার এই রাস্তা তৈরির কাজের শিলান্যাস কর্মসূচিতে উপস্থিত হয়েছিলেন মালদা জেলা পরিষদের সভাধিপতি লিপিকা বর্মন ঘোষ, বিধায়ক আব্দুর রহিম বক্সী সহ সংশ্লিষ্ট পঞ্চায়েত ও ব্লক প্রশাসনের কর্তারা।

প্রশাসন সূত্রে জানা গিয়েছে, গোবিন্দপুর মহেশপুর গ্রাম পঞ্চায়েতের মালডাঙা গ্রামের প্রায় ৪ কিলোমিটার নতুন রাস্তা তৈরি করা হবে। এ জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে বরাদ্দ হয়েছে প্রায় সাড়ে চার কোটি টাকা। প্রথম ধাপে এক কিলোমিটার পাকা রাস্তা তৈরির কাজ হবে। এরপর ধাপে ধাপে বাকি রাস্তার কাজ সম্পন্ন করা হবে। এদিন সেই রাস্তার কাজের শিলান্যাস করা হয়।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, গত বছর আদিবাসী অধ্যুষিত বামনগোলা ব্লকের মালডাঙা গ্রামে বেহাল রাস্তার কারণে অসুস্থ মামনি রায় নামে এক রোগীকে অ্যাম্বুল্যান্স না পেয়ে খাটিয়া করে ঘাড়ে ঝুলিয়ে নিয়ে যান পরিবারের লোকেরা। এরপরেই নিকটবর্তী গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে ওই মহিলা রোগীর মৃত্যু হয়। গ্রামের একমাত্র বেহাল রাস্তার কারণেই মামনি রায়ের এই মৃত্যুকে ঘিরে শুরু হয় রাজনৈতিক তরজা। এমনকী অসন্তোষ তৈরি হয় মালডাঙা গ্রামের বাসিন্দাদের মধ্যে। সেই পরিস্থিতির দিকে লক্ষ্য রেখেই সংশ্লিষ্ট পঞ্চায়েত প্রশাসনের পক্ষ থেকেই ওই এলাকার চার কিলোমিটার রাস্তা নতুন করে তৈরি উদ্যোগ নেওয়া হয়।

যদিও এ প্রসঙ্গে উত্তর মালদার বিজেপির সহ-সভাপতি বীণা সরকার কীর্তনীয়া জানিয়েছেন, লোকসভা নির্বাচনের আগে তৃণমূল রাজনীতি করতেই এই রাস্তার কাজ শুরু করেছে।

এদিন এই রাস্তার কাজের শিলান্যাস পর বিধায়ক রহিম বক্সী বলেন, মুখ্যমন্ত্রীর মমতা ব্যানার্জির উদ্যোগে পথশ্রী প্রকল্পের মাধ্যমে গোটা রাজ্যজুড়ে রাস্তার কাজ শুরু হয়েছে। অথচ কয়েক মাস আগে রাজনীতির স্বার্থে বিজেপির সাংসদ খগেন মুর্মু অনেক বড় বড় ভাষণ দিয়ে গিয়েছিলেন। এরপর তাকে আর দেখা যায়নি। কিন্তু রাজ্য সরকার পথশ্রী প্রকল্পের মাধ্যমে ওই এলাকার ৪ কিলোমিটার রাস্তা গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। তারই শিলান্যাস কর্মসূচি এদিন গ্রহণ করা হয়। মালদা জেলা পরিষদের সভাধিপতি লিপিকা বর্মন ঘোষ জানিয়েছেন, খুব শীঘ্রই মালডাঙা গ্রামের প্রায় ৪ কিলোমিটার রাস্তা তৈরির কাজ সম্পন্ন হয়ে যাবে। এবার থেকে এই গ্রামে জরুরি পরিষেবামূলক গাড়ি প্রবেশ করতে পারবে। গ্রামবাসীরা যে দাবি করেছিলেন তাই এদিন পূরণ হয়েছে।

গোঘাটে আবাস যোজনায় ঘর-না পেয়ে আতঙ্ক রাত কাটছে ভগ্নপ্রায় বাড়িতে

নিজস্ব প্রতিবেদন, আরামবাগ: ঝড়বৃষ্টিতে নিদ্রাহীন রাত কাটান বেশ কয়েকটি অসহায় বৃদ্ধ দম্পতি থেকে শুরু করে কয়েকটি পরিবার। এই অসহায় দৃশ্য দেখা যাচ্ছে আরামবাগ মহকুমার গোঘাটে। আবাস যোজনায় ঘর না পাওয়ায় ক্ষোভ প্রকাশ করেন গোঘাটের ওই পরিবারগুলি। জানা গেছে, গোঘাটের ওই গ্রামে বেশ কয়েকটি পরিবার ভগ্নপ্রায় মাটির বাড়িতে বসবাস করেন। অসহায় বৃদ্ধ বৃদ্ধারা মাটির বেহাল বাড়িতে নিদ্রাহীন ভাবে বসবাস করছেন। কখন ভেঙে পড়বে, এই চিন্তায় অস্থির তারা। তাদের অভিযোগ প্রত্যেক রাজনৈতিক দলই ভোট এলেই প্রতিশ্রুতি দেন। কিন্তু আবাস যোজনায় বাড়ি হয়নি বলে অভিযোগ। গাছের শুকনো পাতা ঝরে পড়া শুরু হলেই আতঙ্কে ভুগতে থাকেন। এবার কালবৈশাখী শুরু হবে। ত্রিপলের ছাউনি দেওয়া ভাঙাচোরা বাড়ি ছেড়ে আশ্রয় নিতে হবে প্রতিবেশীর বাড়িতে। বৃষ্টির জল ফুটো ত্রিপল গলে ভেসে যায় চারদিক। নিদ্রাহীন রাত কাটাতে হচ্ছে তাদের। বাঁশের খুঁটি যে কোনও সময় ভেঙে পড়তে পারে, ছাউনির নতুন ত্রিপল কেনারও সাধ্য নেই। ভোট এলেই শুধুই প্রতিশ্রুতি মেলে। সরকারি পাকা বাড়ি পাননি গোঘাট গ্রামের বাসিন্দারা। সরকারি আবাস যোজনা, নতুন বাড়ি, পাকা ছাদ এসব শুনলে একসময় মনে আশার সঞ্চার হত। এখন শুধু হতাশাই সম্বল। ওই গ্রামের বৃদ্ধ মানুষ আনন্দ মোহন ব্যানার্জী মনে করেছিলেন

বছর দুয়েক আগে মিলেছিল আশ্বাস। আর ত্রিপলের ছাউনির ঘরে থাকতে হবে না। নিজেদের বাড়ি হবে। তাঁরা ভেবেছিলেন এবার আর কালবৈশাখী ঝড় এলে পাশের বাড়িতে গিয়ে আশ্রয় নিতে হবে না। ভরা বর্ষায় ফুটো ত্রিপল দিয়ে জল পড়বে না ঘরে। শীতের উত্তরের হাওয়া থেকেও রক্ষা পাবেন। কিন্তু দীর্ঘ সময় পেরিয়েছে। কিন্তু আশা পূরণ হয়নি। অপরদিকে সবিতা কুণ্ডু নামে এক মহিলা বলেন, ভোটের সময় বলে ঘর হবে। কই কিছুই হয়নি। এই বিষয়ে গোঘাট এক নম্বর পঞ্চায়েত সমিতি সভাপতি বিজয় রায় বলেন, আবাস যোজনার টাকা বন্ধ রয়েছে সেটা আপামোর জনগণ জানে। কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে না। ২০২১ সালে বিজেপি হেরে যাওয়ায় কেবলমাত্র প্রতিহিংসার রাজনীতি করে টাকা দিচ্ছে না। আমরা চাই কেন্দ্রীয় সরকার বাংলার বকেয়া টাকা পাঠাক, তাহলে এই সব অসহায় মানুষের পাকার বাড়ি হবে। সবমিলিয়ে এই সমস্ত অসহায় মানুষরা রাজনীতির টানা পোড়েনে পড়ে ভগ্নপ্রায় মাটির বাড়িতে বাস করছেন। এখন দেখার এদের পাশে দাঁড়াতে প্রশাসন কি পদক্ষেপ নেয়।

পুকুরের জলে উঠে এল কালী মূর্তি, অলৌকিক ঘটনা শান্তিপুরে

নিজস্ব প্রতিবেদন, নদিয়া: পুকুরের জল থেকে উঠে এল পাথরের তৈরি কালী প্রতিমা, শোরগোল এলাকায়। প্রতিমার মাথায় দুধ ঢেলে অভিষেক এলাকাবাসীর। পুকুরের জল থেকে ওঠা কালী আরাধনায় মত্ত হলেন এলাকাবাসী। এমনই আশ্চর্য ঘটনাটি ঘটে সোমবার নদিয়ার শান্তিপুর ১৬ নম্বর ওয়ার্ডের বক্তার ঘাট সংলগ্ন একটি পুকুরে। স্থানীয়দের দাবি, রবিবার পুকুর পরিষ্কারের কাজ হয়েছিল, কিন্তু তখন এই মূর্তি কোনও রকম ভাবেই নজরে পড়েনি কারোরই। সোমবার সকাল আটটা নাগাদ পুকুরের ধারে ওই মূর্তিটিকে দেখতে পায় স্থানীয়রা, এরপর এলাকা জুড়ে শুরু হয় শোরগোল। দূর দূরান্ত থেকে দেখতে আসে ভক্তরা। কালী মূর্তিকে বসিয়ে শুরু করে পুজার্চনা। করা হয় দুধ ঢেলে অভিষেক। এছাড়াও প্রণামী দিতেও দেখা যায় স্থানীয়দের। একাংশদের দাবি, এই মূর্তি তারা পুজো করবেন, এবং ভক্তরা সাহায্য করলে মন্দির স্থাপন করে পূজার্চনা চালিয়ে যাবেন। যদিও বিজ্ঞানমতে এই ঘটনা অলৌকিক হলেও বাস্তবে দেখা গেল নদিয়ার শান্তিপুরে।

রবিবার বারাসাতের ব্রেনওয়ার বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত দু'দিনের জাতীয় কনফারেন্সে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখছেন পদ্মশ্রীপ্রাপ্ত শিক্ষাবিদ কাজি মাসুম আখতার। উপস্থিত ছিলেন কয়েকশো আইন পাঠরত ছাত্রছাত্রী-সহ রাজ্যের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের বিভাগীয় প্রধান ও অধ্যক্ষগণ। আলোচনার বিষয় ছিল আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স-এর নব্য গতিবিধি সম্পর্কে আইনের পড়ুয়াদের সচেতন করা।

দিনের পর দিন লটারি কেটে পুরস্কার না মেলায় আত্মঘাতী

নিজস্ব প্রতিবেদন, নদিয়া: দিনের পর দিন লটারি কাটার নেশা। কিন্তু লটারিতে টাকা না পাওয়ায় মানসিক অবসাদে গলায় দড়ি দিয়ে আত্মঘাতী নদিয়ার ফুলিয়া বাসস্ট্যান্ড পাড়া এলাকার ৬১ বছর বয়সি তাঁত শ্রমিক রঞ্জন বসাক। মৃত ব্যক্তির ছেলে সঞ্জয় বসাকের দাবি, রবিবার রাতে হঠাৎই তার বাবাকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। খানিকটা বাদেই দেখে বাড়ির পাশেই একটি চালার নিচে তার বাবা ঝুলন্ত অবস্থায় রয়েছে। খবর দেওয়া হয় পুলিশকে তৎক্ষণাৎ পুলিশ গিয়ে ঝুলন্ত দেহ উদ্ধার করে নিয়ে যায় হাসপাতালে, যদিও চিকিৎসাকেরা মৃত বলে ঘোষণা করে। ছেলে সঞ্জয় বসাক জানান, তার বাবা দীর্ঘদিন ধরে লটারি কাটায় অভ্যস্ত ছিল। একবারই শুধু লটারির টাকা পেয়েছিল, আর তারপর থেকে আরও লটারি কাটার নেশা আরও বেড়ে যায়। কিন্তু বারে বার বঞ্চিত হয় বাবা। যদিও টাকা না পেয়ে মানসিক অবসাদের শিকার হয়ে পরে সে। এই আত্মহত্যার পেছনে লটারি কাটার নেশা বলে দাবি করছেন ছেলে সঞ্জয়। সোমবার মৃতদেহটি উদ্ধার করার পাশাপাশি ময়না তদন্তের জন্য রানাঘাট পুলিশ মর্গে পাঠানো হয়। অন্যদিকে ব্যক্তির আকস্মিক মৃত্যুর ঘটনায় হতবাক গোটা পরিবার।

হিরণের সমর্থনে ঘাটালে শুভেন্দুর পদযাত্রা

নিজস্ব প্রতিবেদন, পশ্চিম মেদিনীপুর: পশ্চিমবঙ্গের ৪২টি আসনের মধ্যে ইতিমধ্যেই ২০টি আসনে প্রার্থী তালিকা ঘোষণা করেছে গেরুয়া শিবির। এবার ঘাটালে বিজেপির পদ্ম ফুলের প্রার্থী হয়েছেন খড়গপুরের বিজেপি বিধায়ক তথা অভিনেতা হিরন্ময় চট্টোপাধ্যায়। সোমবার বিকেলে ঘাটালের বিজেপি প্রার্থী হিরন্ময় চট্টোপাধ্যায়ের প্রচারে রোড শো করলেন রাজ্যের বিরোধী দলনেতা তথা নন্দীগ্রামের বিধায়ক শুভেন্দু অধিকারী। ঘাটালের রানিচক থেকে দীর্ঘ প্রায় পাঁচ কিলোমিটার রাস্তা পরিক্রমা করেন হিরন্ময় ও শুভেন্দু। পদযাত্রার পরে ঘাটাল এসডিও অফিসের সামনে সভা করেন শুভেন্দু অধিকারী। সভা মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও দীপক অধিকারীকে কটাক্ষ করে বক্তব্য রাখেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। রোড শোতে বিজেপির কর্মী সমর্থকদের অংশগ্রহণ ছিল চোখে পড়ার মতো।

ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র বৈঙ্ক আঁফ মহারাষ্ট্র Bank of Maharashtra — এক পরিবার এক ব্যাঙ্ক

জোনাল অফিস কলকাতা

ম্যাকলিয়ড হাউস, ৩ এন.এস. রোড, ২য় তল, কলকাতা - ৭০০০০১
ফোন : ০৩৩ ৪০৩৭ ৪৯০৫, ইমেল : dzmkolkata@mahabank.co.in

দাবি নোটিশ ১৩(২) ধারা অধীনে

২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস এন্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাইনের ১৩(২) ধারা অধীনে নোটিশ

ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র, কলকাতা জোনের সংশ্লিষ্ট শাখাগুলিতে নিম্নলিখিত ঋণগ্রহীতার অ্যাকাউন্টগুলিকে এনপিএ হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়েছে, ব্যাঙ্ক নীচে উল্লেখিত তারিখগুলিতে সারফেসি আইনের ১৩(২) ধারার অধীনে নোটিশ জারি করেছে। সকলের অবগতির জন্য এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হচ্ছে। নীচের উল্লিখিত ঋণগ্রহীতা/জামিনদাতা/বন্ধকদাতাদের কাগজে এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র, কলকাতা জোনের সংশ্লিষ্ট শাখাগুলিতে অর্থ প্রদানের জন্য বলা হয়েছে ভবিষ্যতের সুদের সাথে তারিখ গুলিতে নীচে উল্লেখিত পরিমাণগুলি চুক্তিভিত্তিক হারে, দাবি নোটিশের তারিখ থেকে পরিশোধের তারিখ পর্যন্ত, ঋণ/এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের দ্বারা সম্পাদিত অন্যান্য চুক্তি এবং নথির অধীনে। উল্লিখিত চুক্তি এবং নথির অধীনে ঋণগ্রহীতার বাধ্যবাধকতার প্রতি নিরাপত্তা হিসাবে, ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র, কলকাতা জোনের শাখাগুলির বিরুদ্ধে সংশ্লিষ্ট সম্পদগুলি দেখানো হয়েছে।

ঋণগ্রহীতা/জামিনদাতা/শাখার নাম / ঠিকানা	ক) দাবি নোটিশের তারিখ খ) এনপিএ তারিখ গ) অ্যাকাউন্ট নং	দাবি নোটিশ অনুযায়ী বকেয়া পরিমাণ	ব্যাঙ্কের নিকট বন্ধকন্ত সম্পত্তির বিস্তারিত
১. মেসার্স বর্ধমান ট্রেডিং কোম্পানি স্বত্ব : শ্রী রাকিবুল হোসেন, ১০৯/সি, পীরভারাম ডাঙ্গাপাড়া নতুনগঞ্জ বর্ধমান ৭১৩১০২; ২. শ্রীমতি হালিমা খাতুন ১০৯/সি, পীরভারাম ডাঙ্গাপাড়া নতুনগঞ্জ বর্ধমান ৭১৩১০২। শাখা : বর্ধমান	ক) ১৪.০৩.২০২৩ খ) ২৮.০১.২০২৩ গ) ৬০৩৮৭২৯৮৫১০, ৬০৩৫৭৬১৪৪৫২	১৫,৫৫,৯৩৮ টাকা (পনের লাখ পঞ্চান্ন হাজার নশো আটত্রিশ টাকা) টাকা অধার্য সুদ সহ ১৪.০৩.২০২৩ থেকে প্রযোজ্য হারে	সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাণ ০.০২৩৪ একর অবস্থিত মৌজা : বর্ধমান জেএল নং ৩০, আরএস খতিয়ান নং ২৮৯৭ এবং ৫২২৬, এলআর খতিয়ান নং ১৮৪৫৮ এবং ১৫৪৫৭, আরএস প্লট নং ৫২৩৩, ৫২৩৪, এলআর প্লট নং ৩৯৪৮, মহল্লা পীরবাহারাম রোড, ডাঙ্গাপাড়া ওয়ার্ড নং ১৯ হোল্ডিং নং ১০৯/সি, বর্ধমান পুরসভা অধীন, পো নতুনগঞ্জ, থানা এবং জেলা : বর্ধমান, পিন : ৭১৩১০২।
১. নির্মল ঘোষ ১৬ নং ওয়ার্ড, রাজারহাট গোপালপুর পুরসভা, কৃষ্ণপুর সমর সরণি, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ ৭০০১০২ (ঋণগ্রহীতা) ২. শ্রী অনিল কুমার ঘোষ ১৬ নং ওয়ার্ড, রাজারহাট গোপালপুর পুরসভা, কৃষ্ণপুর সমর সরণি, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ ৭০০১০২ (সহ-ঋণগ্রহীতা) ৩. শ্রী পল্টু ঘোষ ১৬ নং ওয়ার্ড, রাজারহাট গোপালপুর পুরসভা, কৃষ্ণপুর সমর সরণি, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ ৭০০১০২ (জামিনদাতা) শাখা : সল্টলেক	ক) ২৭.০২.২০২৪ খ) ০১.০২.২০২৪ গ) ৬০০৪৪২৬৮১৯৮	৩,৬০,৫৮০ টাকা (তিন লাখ ষাট হাজার পাঁচশ আশি টাকা) টাকা অধার্য সুদ সহ এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে প্রযোজ্য হারে	সমপরিমাণ বন্ধকন্ত সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাণ আনুমানিক ১ কাঠা ১২৩ ছটাক ১২ বর্গফুট এবং তদস্থিত নির্মিত ভবন অবস্থিত জেএল নং ১৭, আরএস দাগ নং ১৮০, তৌজি নং ২২৮/২২৯, আরএস নং ১০৫১, খতিয়ান নং ১০৮০, সিএস সাবেক ৫৮৮৭ হাল আরএস দাগ মৌজা কৃষ্ণপুর, সমর সরণি, ১৬ নং ওয়ার্ড, রাজারহাট গোপালপুর পুরসভা, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ ৭০০১০২,এডিএসআরও বিধাননগর সল্টলেক সিটি , অনিল কুমার ঘোষ এর মালিকানাধীন, উল্লেখ্য দলিল নং ৩০৮২/২০০৯ তারিখ ০৬.০৪.২০০৯। **জমি এবং ভবন এর চৌহদ্দি নিম্নরূপ : উত্তরে :** ১২ ফুট চওড়া সাধারণ চলার পথ, **পূর্বে :** সরজিৎ ঘোষের ভবন, **পশ্চিমে :** ১২ ফুট চওড়া সাধারণ চলার পথ, **দক্ষিণে :** অজিত কুমার ঘোষের ভবন।
১. শ্রীমতি শশী রানা স্বামী প্রয়াত শ্রী প্রসাদ রানা, সিআর দাস রোড, জিং ল্যাডেনলাট্টা, লেবং, শিক্ষা সাং প্রাইমারি স্কুলের নিকট ওয়ার্ড নং ৩২, দার্জিলিং, পশ্চিমবঙ্গ-৭৩৪০০১ (ঋণগ্রহীতা) ২. শ্রী পরবেশ রানা পিতা প্রয়াত শ্রী প্রসাদ রানা, সিআর দাস রোড, জিং ল্যাডেনলাট্টা, লেবং, শিক্ষা সাং প্রাইমারি স্কুলের নিকট ওয়ার্ড নং ৩২, দার্জিলিং, পশ্চিমবঙ্গ-৭৩৪০০১ (সহ- ঋণগ্রহীতা) ৩. শ্রীমতি সুষমা সারকি স্বামী গোপাল সুন্দাস, সুকনা বাজার, পো : সুকনা, জেলা : দার্জিলিং, শিলিগুড়ি পশ্চিমবঙ্গ : ৭৩৪০০৯ (জামিনদাতা) শাখা : শিলিগুড়ি	ক) ২৭.০২.২০২৪ খ) ১০.০২.২০২৪ গ) ৬০৩৮০৪৩০৯৬৩ ৬০৪১৫৮৪৫৩৫১	৪০,৫১,৫৫০ টাকা (চল্লিশ লাখ একান্ন হাজার পাঁচশ পঞ্চাশ টাকা) টাকা অধার্য সুদ সহ এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে প্রযোজ্য হারে	সমপরিমাণ বন্ধকন্ত বাস্তু জমি পরিমাণ ০.০৩১৩ একর এবং তদস্থিত বসবাসের ভবন অবস্থিত এলআর প্লট নং ১১৪ এবং ১১৫, এলআর খতিয়ান নং ১১০২, জেএল নং ০২৪, মৌজা : দার্জিলিং, সিট নং ০১, থানা এবং জেলা : দার্জিলিং অবস্থিত ১১৭/২। সিআর দাস রোড, জিং লেডেলা হাট্টা, দার্জিলিং পুরসভার ওয়ার্ড নং ৩২ অধীন। **চৌহদ্দি : উত্তরে :** শ্রীমতি সালিনা রানার সম্পত্তি, **পূর্বে :** ৪ ফুট সড়ক, **পশ্চিমে :** সড়ক, **দক্ষিণে :** ৪ ফুট সড়ক।

তারিখ : ০৫.০৩.২০২৪, স্থান : কলকাতা — স্বা/- অ্যাসি. জেনারেল ম্যানেজার এবং অনুমোদিত অফিসার, ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank ইলাহাবাদ ALLAHABAD

জোনাল অফিস : কলকাতা সাউথ
১৪, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, ৪র্থ তল, কলকাতা - ৭০০ ০০১

পরিশিষ্ট -IV-A [রুল ৮(৬) সংস্থান দ্রষ্টব্য]

স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় নোটিশ

২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইন এবং তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬) সংস্থান অধীনে স্থাবর সম্পদ বিক্রয় নিমিত্ত ই-নিলাম বিক্রয় নোটিশ।
এতদ্দ্বারা সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা এবং জামিনদাতাগণের প্রতি বিশেষভাবে বিজ্ঞাপিত হচ্ছে জামিন অধীনে ঋণদাতার নিকট বন্ধক/দায়বদ্ধ নিম্নোক্ত স্থাবর সম্পত্তি ইন্ডিয়ান ব্যাঙ্ক (জামিন অধীনে ঋণদাতা) এর অনুমোদিত অফিসার কর্তৃক প্রতীকী দখলীকৃত এবং 'যেখানে যেমন আছে', 'যেখানে যে অবস্থায় আছে' এবং 'যেখানে যা আছে' ভিত্তিতে ২২.০৩.২০২৪ তারিখে ইন্ডিয়ান ব্যাঙ্ক (জামিন অধীনে ঋণদাতা) নিকট বকেয়া পরিমাণ নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ) কাছ থেকে আদায়ের জন্য বিক্রি করা হবে।

ক্রম নং	ক) অ্যাকাউন্ট/ঋণগ্রহীতার নাম খ) শাখার নাম	স্থাবর সম্পত্তির বিস্তারিত	জামিন অধীনে ঋণদাতা বকেয়া পরিমাণ	ক) সংরক্ষিত মূল্য খ) ইএমডি পরিমাণ এবং তারিখ গ) ডাক বর্ধিতকরণ পরিমাণ ঘ) সম্পত্তির আইডি ঙ) দায়বদ্ধতা
১.	ক) মেসার্স বেঙ্গল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, ঠিকানা : ৪৯, ডি এন ঘোষ রোড, বজ বজ, কলকাতা : ৭০০১৩৭, শ্রী তাপস রায় (স্বত্বাধিকারী) শ্রীমতি রিঙ্কু রায় (জামিনদাতা/বন্ধকদাতা) এবং শ্রী তন্ময় রায় (জামিনদাতা) খ) বজ বজ শাখা	সংশ্লিষ্ট সকল অংশ জমি এবং ভবন পরিমাণ কমবেশি ৩৯১৯ বর্গ ফুট ৫ কাঠা ৭ ছটাক ৪ বর্গফুট জমি এবং ফ্যাক্টরি অবস্থিত পরগনা বালিয়া, মৌজা : বেঞ্জানহেরিয়া, তৌজি নং ৩৫৩, জেএল নং ১৪, খতিয়ান নং ১৫৩০, আরএস দাগ নং ৩৬, দাগ নং ৬৬৮ এবং ৬৬৯, বজ বজ পুরসভার ওয়ার্ড নং ১৯ অধীন, পো এবং থানা : বজ বজ, কলকাতা : ৭০০১৩৭ জেলা : দক্ষিণ ২৪ পরগনা, শ্রীমতি রিঙ্কু রায়ের নামে সমুদয় সম্পত্তি। জমির চৌহদ্দি : উত্তরে : অংশত জমি আরএস দাগ নং ৬৬৮ এবং ৬৬৯, দক্ষিণে : ২০ ফুট চওড়া সাধারণ চলার পথ, পূর্বে : অংশত জমি আরএস দাগ নং ৬৬৮, পশ্চিমে : অংশত জমি আরএস দাগ নং ৬৬৯। (দলিল নং ১-২৭৩০-২০০৬ সালের)।	৪৯,৫৯,০৫৩.০০ টাকা (উনপঞ্চাশ লাখ উনষাট হাজার তিপান্ন টাকা) পরবর্তী সুদ, ব্যয়, অন্যান্য চার্জ এবং ব্যয় সহ	ক) ২৮,০০,০০০.০০ টাকা খ) ২,৮০,০০০.০০ টাকা গ) ১০,০০০.০০ টাকা ঘ) IDIB30020852528 ঙ) নেই

ই-নিলামের তারিখ এবং সময় : ২২ মার্চ ২০২৪ (২২.০৩.২০২৪) সকাল ১১টা থেকে বিকেল ৪টে পর্যন্ত

ডাকদাতাদের ওয়েবসাইট দেখতে পরামর্শ দেওয়া হচ্ছে (www.mstcecommerce.com) আমাদের ই-নিলাম পরিষেবা প্রদায়ক সংস্থা এমএসটিসি লি. এর অনলাইন ডাকে অংশ নেওয়ার জন্য। কারিগরি সহায়তার জন্য অনুগ্রহ করে এমএসটিসি হেল্প ডেস্ক নং ০৩৩-২২৯০১০০৪ এবং অন্যান্য সাহায্যের জন্য পরিষেবা প্রদায়ক সংস্থার হেল্প ডেস্কে ফোন করুন। এমএসটিসি লি. সহিত নথিভুক্তির অবস্থান জানতে এবং ইএমডি'র অবস্থান জানতে অনুগ্রহ করে যোগাযোগ করুন ibapifin@mstcecommerce.com।
সম্পত্তির বিস্তারিত ছবি এবং সম্পত্তির ই-নিলামের নিয়ম এবং শর্তাদি জানতে অনুগ্রহ করে দেখুন https://ibapi.in এবং সংশ্লিষ্ট পোর্টালের বিস্তারিত জানতে অনুগ্রহ করে হেল্প লাইন নম্বর "১৮০০১০২৫০২৬" এবং "০১১-৪১১০৬১৩১" যোগাযোগ করুন।
ডাকদাতাদের পরামর্শ দেওয়া হচ্ছে সম্পত্তির আইডি নম্বর ব্যবহার করতে সংশ্লিষ্ট সম্পত্তি অনুসন্ধানের সময় যা ওয়েবসাইট https://ibapi.in এবং www.mstcecommerce.com তে প্রদত্ত।

দ্রষ্টব্য : সংশ্লিষ্ট এই নোটিশ ঋণগ্রহীতা(গণ)/অংশীদার(গণ)/জামিনদাতা(গণ)/বন্ধকদাতাগণের-এর উদ্দেশ্যেও

তারিখ : ০৫.০৩.২০২৪
স্থান : কলকাতা
অনুমোদিত অফিসার
ইন্ডিয়ান ব্যাঙ্ক

SBI

স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, দক্ষিণবঙ্গ
জীবন দীপ বিল্ডিং, ৩য় তল, ১, মিডলন স্ট্রীট, কলকাতা-৭০০ ০৭১
ফোন: (০৩৩) ২২৮৮-৪৪৩৭, ফ্যাক্স: (০৩৩) ২২৮৮-৪৩০২, ই-মেইল: sbi.15196@sbi.co.in

ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি

অনুমোদিত অফিসারের বিশদ: নাম: রূপশা ভৌমিক চক্রবর্তী, ই-মেইল আইডি: sbi.15196@sbi.co.in, মোবাইল নং- ০৯৬৭৪৭৬৬২৩৮

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮ (৬) এবং রুল ৯(১) এর বন্দোবস্তের সঙ্গে পঠিত সিকিউরিটিজেশন এবং ফিনান্সিয়াল অ্যাসেটস এন্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর সম্পদের ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্বারা সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা এবং জামিনদার(গণ) কে নোটিশ দেওয়া হল যে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি সুরক্ষিত পাওনাদারের কাছে বন্ধকিকৃত আছে, যার **বাস্তবিক দখল স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**, সিকিউরড ক্রেডিটর -এর অনুমোদিত অফিসার দ্বারা নেওয়া হয়েছে **"যেখানে যেমন আছে", "যা যেমন আছে"** এবং **"সেখানে যা কিছু আছে"**-র ভিত্তিতে বিক্রি করা হবে ২১.০৩.২০২৪ তারিখে। ইচ্ছুক দরদাতা/দের তার ইএমডির পরিমাণ মেসার্স এমএসটিসি-এর সাথে রক্ষণাবেক্ষণ করা https://www.mstcecommerce.com/auctionhome/ibapi/index.jsp -এ তার বিডার অ্যাকাউন্টে তৈরি করা চালানের মাধ্যমে স্থানান্তর করতে হবে এনইএফটি/ আরটিজিএস ট্রান্সফারের মাধ্যমে অকশনের তারিখের আগে তার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে।

ই-অকশনের তারিখ ও সময়: তারিখ: ২১.০৩.২০২৪
সময়: ১২০ মিনিট দুপুর ১.০০টা থেকে বিকাল ৩.০০টা পর্যন্ত প্রতিটি ডাকদানের জন্য ১০ মিনিটের অসীমায়িত বর্ধিতকরণ সহ।
প্রি-বিড ইএমডি পেমেন্ট করার শেষ তারিখ- "আগ্রহী দরদাতা ই-অকশন বন্ধ হওয়ার আগে এমএসটিসি-এর কাছে প্রাক-বিড ইএমডি জমা দিতে পারেন। এমএসটিসি -এর ব্যাঙ্ক অ্যাকাউন্টে অর্থপ্রদানের প্রাপ্তির এবং ই-নিলাম ওয়েবসাইটে এই ধরনের তথ্য আপডেট করার পরেই বিডারকে প্রাক-বিড ইএমডির ক্রেডিট দেওয়া হবে । ব্যাঙ্কিং প্রক্রিয়া অনুযায়ী এতে কিছু সময় লাগতে পারে এবং তাই দরদাতাদের, তাদের নিজেদের স্বার্থে, শেষ মুহূর্তের সমস্যা এড়াতে প্রি-বিড ইএমডির পরিমাণ ভালোভাবে জমা দেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।"

ক্র. নং.	ঋণগ্রহীতার নাম, ঠিকানা, সম্পত্তির বিবরণ এবং বন্ধকদাতা	ক. সংরক্ষিত মূল্য খ. বায়না অর্থ জমা (ইএমডি)	বকেয়া পাওনা	ক. দায়বদ্ধতা খ. দখলের অবস্থা
১.	ঋণগ্রহীতা : জিআরএস প্রজেক্টস অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার প্রাঃ লিঃ শ্রী সৌমিক ঘোষ (জিআরএস প্রজেক্টস অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার প্রাঃ লিঃ -এর ডিরেক্টর/ জামিনদার) শ্রীমতী রাজরূপা ঘোষ (জিআরএস প্রজেক্টস অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার প্রাঃ লিঃ -এর জামিনদার) সৃষ্টি অ্যাপার্টমেন্টে ফ্ল্যাট নং এ-২ এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল, সেকেন্ড ফ্লোরের উত্তর-পূর্ব দিকে, প্রায় ৮৭৫ বর্গফুট সুপার বিল্ট-আপ এলাকা পরিমাপের এবং জমির আনুপাতিক শেয়ার এবং প্রেমিসেসের সাধারণ এলাকা সুবিধাসমূহ সহ, মৌজা- কইখালী, জেএল নং- ৫, আরএস দাগ নং- ৫২৬, খতিয়ান নং ২৮০ এর অধীনে, খন্ড খতিয়ান নং- ৫১৩ প্রেমিসেস নং ১৫৬/৩৩, মালিরবাগান, কৈখালী, থানা - এয়ারপোর্ট, জেলা-২৪ পরগণা (উঃ)-৭০০০৫২। (২০০৬ সালের উপহার দলিল নং-৫২০৮ এবং ২০০৭ সালের সংশোধিত দলিল নং- ২৫৩৬ সৌমিক ঘোষের নামে)	ক) ১৮,৯৭,০০০.০০ টাকা খ) ১,৮৯,৭০০.০০ টাকা	৬,৪০,০২,২৫৯.৬৬ টাকা সহ ৩১.০১.২০২০ তারিখে অর্জিত অনাদায়ী সুদ এবং চার্জ যা সিকিউরড ক্রেডিটর -এর কাছে বকেয়া	ক. জানা নেই খ. বাস্তবিক দখল যোগাযোগের ব্যক্তি : ৯৬৭৪৭ ৬৬২৩৮ ৯৬৭৪৭ ১১২৫৫
			দর বৃদ্ধির পরিমাণ: ২৫,০০০.০০ টাকা পরিদর্শনের তারিখ: ১৪.০৩.২০২৪	

সম্পত্তি অনুসন্ধানের জন্য

এসবিআই ওয়েবসাইট Sbi.co.in	সম্পত্তি আইডি SBIN100001798356	সম্পত্তির অবস্থান	ফটোগ্রাফ		ভিডিও

বিক্রির বিশদ, নিয়ম ও শর্তাবলীর জন্য অনুগ্রহ করে দেখুন, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সিকিওরড ক্রেডিটরস ওয়েবসাইট: www.sbi.co.in এবং সংশ্লিষ্ট ই-অকশন প্রক্রিয়া পরিচালনার জন্য তৈরী : https://www.mstcecommerce.com/auctionhome/ibapi/index.jsp দেখুন।
ইচ্ছুক দরদাতাকে নিলাম প্রক্রিয়ায় অংশ নেওয়ার আগে বিশদ নিয়ম ও শর্তাবলী দেখার পরামর্শ দেওয়া হচ্ছে।

তারিখ: ০৫.০৩.২০২৪
স্থান: কলকাতা
কোনো বিবাদের ক্ষেত্রে ইংরেজি সংস্করণ প্রাধান্য পাবে
অনুমোদিত অফিসার
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank ইলাহাবাদ ALLAHABAD

অ্যাপকার গার্ডেন শাখা
৮, জি.টি. রোড, উদরেজ ভবন
প্রথম তল, পিন - ৭১৩ ৩০৪
ই-মেইল: apcargarden.asansol@indianbank.co.in

স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট-৪-এ [রুল ৮(৬) এবং ৯(১) -এর অনুবিধি দেখুন]

সিকিউরিটিজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস এন্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ -এর সঙ্গে পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ -এর রুল ৮(৬) এবং ৯(১) -এর অনুবিধির অধীনে স্থাবর সম্পদ বিক্রির জন্য ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দারা সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা(গণ)/জামিনদার(গণ) কে নোটিশ দেওয়া হচ্ছে যে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি(গুলি) সুরক্ষিত পাওনাদারের কাছে বন্ধক/চার্জ করা হয়েছে, যার **প্রতীকী দখল ইন্ডিয়ান ব্যাঙ্ক, অ্যাপকার গার্ডেন শাখা (সুরক্ষিত পাওনাদার)** -এর অনুমোদিত অফিসার দ্বারা নেওয়া হয়েছে, যা ২০.০৩.২০২৪ তারিখে বিক্রি করা হবে **ইন্ডিয়ান ব্যাঙ্ক, অ্যাপকার গার্ডেন শাখা (সুরক্ষিত পাওনাদার)** এর বকেয়া পুনরুদ্ধারের জন্য **"যেখানে যেমন আছে", "যা আছে তা আছে"** এবং **"সেখানে যা কিছু আছে"** ভিত্তিতে নিচে প্রতিটি অ্যাকাউন্টের সাপেক্ষে উল্লেখ করা ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ জামিনদার(গণ)-এর থেকে
ই-অকশন মোডের মাধ্যমে বিক্রয়ে আনার উদ্দেশ্যে করা সম্পত্তির নির্দিষ্ট বিবরণ নীচে বর্ণনা করা হয়েছে:

ক্র. নং.	ক) অ্যাকাউন্ট/ঋণগ্রহীতার নাম খ) শাখার নাম	স্থাবর সম্পত্তির বিশদ বিবরণ	সুরক্ষিত ঋণদাতার বকেয়া পাওনা	ক) সংরক্ষিত মূল্য খ) ইএমডি পরিমাণ গ) দর বৃদ্ধির পরিমাণ ঘ) সম্পত্তি আইডি ঙ) সম্পত্তির উপর দায়বদ্ধতা চ) দখলের ধরণ
১.	ক) ১. শ্রী রাকেশ রোসান ভার্মা (ঋণগ্রহীতা ও বন্ধকদাতা) পিতা- শ্রী উমেশ চন্দ্র ভার্মা ,ময়দা কল মোড়, শহীদ সুকুমার পল্লী, আসানসোল, পিন - ৭১৩ ৩০৩, জেলা - পশ্চিম বর্ধমান। জামিনদার: ১. শ্রী মিথিলেশ কুমার ভার্মা, পিতা- শ্রী উমেশ চন্দ্র ভার্মা ২. শ্রীমতী নীতু ভার্মা, স্বামী- রাকেশ রোশন ভার্মা দুজনেরই ঠিকানা- ময়দা কল মোড়, শহীদ সুকুমার পল্লী, আসানসোল, পিন- ৭১৩ ৩০৩, জেলা - পশ্চিম বর্ধমান। খ) অ্যাপকার গার্ডেন শাখা	এম. এফ. প্লাজায় জি+৪ তলা বিল্ডিং এম.এফ. প্লাজা অ্যাপার্টমেন্টের চতুর্থ ফ্লোরে ২ বিএইচকে ফ্ল্যাট যার ফ্ল্যাট নং ডি৪ এর ন্যায়সঙ্গত বন্ধক, যার সুপার বিল্ট আপ এলাকার পরিমাপ ৮৭৫ বর্গফুট সেইসঙ্গে প্রথম তলায় একটি ২ হুইলার পার্কিং স্পেস সহ। মৌজা- আসানসোল, জেএল নং ৩৫, আরএস প্লট নং ৯৫১, আসানসোল দক্ষিণ থানার অধীনে আরএস খতিয়ান নং ৪৫৪, ওয়ার্ড নং ১৯, এস.পি. মুখার্জি রোড, মুরগাসোল গুরুদ্বারের কাছে, জেলা পশ্চিম বর্ধমান, আসানসোল পৌর কর্পোরেশনের অধীনে, পশ্চিমবঙ্গ-তে। **নিম্নরূপ চতুর্দিক পরিবেষ্টিত:** উত্তর - রাস্তা এবং শ্রী অর পি শ' এর বাড়ি, দক্ষিণ - রোড, পূর্ব - শ্রী কালিদাস ভট্টাচার্য ও অন্যান্যদের সম্পত্তি এবং পশ্চিম - এস. পি. মুখার্জি রোড দ্বারা।	২৯,৮০,৪৪১.০০ টাকা (শুধুমাত্র উনিশ লক্ষ আটাশ হাজার চারশ একচল্লিশ টাকা) ২৯.০২.২০২৪ অনুযায়ী তদুপরি ০১.০৩.২০২৪ থেকে আরও সুদ, খরচ, অন্যান্য চার্জ এবং ব্যয়।	ক) ১৫,৮০,০০০.০০ টাকা (*) (পনের লক্ষখ আশি হাজার টাকা মাত্র) খ) ১,৫৮,০০০.০০ টাকা (এক লক্ষ আটান্ন হাজার টাকা মাত্র) গ) ১০,০০০.০০ টাকা (দশ হাজার টাকা মাত্র) ঘ) IDIB50455933469 ঙ) ব্যাংকের কাছে অজানা চ) প্রতীকী দখল
২.	ক) ঋণগ্রহীতা- ১. মেসার্স ডেন্ডওয়া ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেকানিক্যাল ওয়ার্কস, স্বত্বাধিকারী- মহঃ মকবুল আলম পাটিয়ানা মহল্লা, পোস্ট ও থানা- কুলটি, আসানসোল, পিন - ৭১৩৩৪৩ ২. মহঃ মকবুল আলম (ঋণগ্রহীতা ও বন্ধকদাতা) পাটিয়ানা মহল্লা, পোস্ট ও থানা- কুলটি, আসানসোল, পিন - ৭১৩৩৪৩। জামিনদার: মহঃ ইফতেখার আলম পাটিয়ানা মহল্লা, পোস্ট ও থানা- কুলটি, আসানসোল, পিন - ৭১৩৩৪৩ খ) অ্যাপকার গার্ডেন শাখা	মহঃ মকবুল আলমের নামে সম্পত্তির ন্যায়সঙ্গত বন্ধক যার বিক্রয় দলিল নং ৫০৩০/১৯৯৩ তারিখ- ০৩.০৮.১৯৯৩, বিক্রয় দলিল নং- ৫০২৯/২০১৯ তারিখ- ০৩.০৮.২০১৯, হেবানামা নং- ৪৪২৬/২০০ তারিখ-২৬.০৮.২০০৫, মৌজা- সালানপুর, জে.এল. নং ২৭, প্লট নং ০৬, সালানপুর গ্রাম পঞ্চায়েতের অধীনে খতিয়ান নং ৭৯৫, এলাকা- ০৩ কাঠা, ডেন্ডওয়া চিত্তরঞ্জন রোড, থানা- সলানপুর, জেলা- বর্ধমান, পিন- ৭১৩ ৩৫৭। **নিম্নরূপ চতুর্দিক পরিবেষ্টিত:** উত্তর- শ্রী ধনরাজ স্টেয়ার এর ক্রাশার, দক্ষিণ- সুখদেব মোদীর বিল্ডিং, পূর্ব- নিয়ামতপুর চিত্তরঞ্জন রোড, পশ্চিম - অন্যদের খোলা জমি দ্বারা।	৫৭,৬৭,১৯৮.০০ টাকা ক্যাশ ক্রেডিট অ্যাকাউন্টে, ৮,৭৬,৭৮৫.০০ টাকা মেয়াদী ঋণ, মোট বকেয়া ৬৬,৪৩,৯৮৩.০০ টাকা (ছেষট্টি লক্ষ তেতাল্লিশ হাজার নয়শো তিরাশি টাকা মাত্র) ০২.০৩.২০২৪ অনুযায়ী তদুপরি ০৩.০৩.২০২৪ থেকে আরও সুদ, খরচ, অন্যান্য চার্জ এবং ব্যয়।	ক) ২৩,৫০,০০০.০০ টাকা (*) (তেইশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) খ) ২,৩৫,০০০.০০ টাকা (দুই লক্ষ পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র) গ) ১০,০০০.০০ টাকা (দশ হাজার টাকা মাত্র) ঘ) IDIB50223786258 ঙ) ব্যাংকের কাছে অজানা চ) প্রতীকী দখল

(*) বিক্রয় মূল্য সংরক্ষিত মূল্যের উপর হওয়া উচিত

পরিদর্শনের তারিখ ও সময় : ০২.০৩.২০২৪ থেকে ০৪.০৩.২০২৪ (ক্র. নং ১ এর জন্য) এবং ০৪.০৩.২০২৪ থেকে ০৫.০৩.২০২৪ (ক্র. নং ২ এর জন্য) সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৪.০০ টার মধ্যে।
ই-অকশনের তারিখ ও সময়: তারিখ - ২০.০৩.২০২৪; সময় - সকাল ১১.০০টা থেকে বিকাল ৪.০০টা
ই-অকশন পরিষেবা প্দানকারীর প্ল্যাটফর্ম : (১) www.indianbank.co.in
(২) https://www.ibapi.in (৩) https://wwwmstcecommerce.com/auctionhome/ibapi

বিডারদের পরামর্শ দেওয়া হচ্ছে, অনলাইন বিডে অংশগ্রহণের জন্য আমাদের ই-অকশন সার্ভিস প্রোভাইডার এমএসটিসি লিঃ -এর ওয়েবসাইট (www.mstcecommerce.com/auction/home/ibapi) দেখুন। টেকনিক্যাল সাহায্যের জন্য এমএসটিসি হেল্প ডেস্ক নং ০৩৩ ২৩৪০০০২০ / ২৩৪০০০২১ / ২৩৪০০০২২ এবং সার্ভিস প্রোভাইডারের অন্য চালু হেল্পলাইন নম্বরে অনুগ্রহ করে ফোন করুন। এমএসটিসি লিঃ -এর সাথে রেজিস্ট্রেশন স্টেটাস ibapiop@@mstcecommerce.com, ইএমডি স্টেটাস জানার জন্য ibapifin@@mstcecommerce.com -এ অনুগ্রহ করে যোগাযোগ করুন।
সম্পত্তি সংক্রিষ্ট বিশদ তথ্যাদি এবং সম্পত্তির ছবি এবং অকশনের নিয়মাবলী ও শর্তাবলীর জন্য অনুগ্রহ করে https://ibapi.in দেখুন এবং এই পোর্টাল সংশ্লিষ্ট কোনও সংশয় দূরীকরণের জন্য অনুগ্রহ করে হেল্প লাইন নম্বর "১৮০০১০২৫০২৬" এবং "০১১-৪১১০৬১৩১" -এ যোগাযোগ করুন।
বিডারদের পরামর্শ দেওয়া হচ্ছে, ওয়েবসাইট https://ibapi.in এবং www.mstcecommerce.com -এ সংশ্লিষ্ট সম্পত্তি সম্বন্ধে খোঁজখবর নেওয়ার সময় উপরে উল্লিখিত সম্পত্তির আইডি নং ব্যবহার করুন।

দ্রষ্টব্য: এই বিজ্ঞপ্তিটি ঋণগ্রহীতা(গণ) / জামিনদার(গণ) / বন্ধকদাতা (গণ) -এরও প্রতি

তারিখ: ২৯.০২.২০২৪ (ক্র. নং ১ এর জন্য), ০২.০৩.২০২৪ (ক্র.নং ২ এর জন্য)
স্থান : আসানসোল
অনুমোদিত অফিসার
ইন্ডিয়ান ব্যাঙ্ক